

ঢাকা ওয়াসা

০১)

২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

০২)

বাজার দরের কপি।

০৩)

প্রাক্কলন।

বিষয় : ২৫০মি.লি সাইজের প্রি-ফর্ম মোল্ড মেরামত করণ প্রসঙ্গে।।

১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট একটি জনগুরুত্বপূর্ণ জনসেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান। সম্প্রতি সম্মানিত গ্রাহক ও ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ হতে ২৫০ মি. লিটার সাইজের বোতলের নানাবিধ ক্রটির অভিযোগ পাওয়া যায়। ২৫০মি.লি সাইজের বোতলের প্রিফর্ম মোল্ড ২০০৬ সালের ক্রয় করা হয়েছিল। বর্ণিত প্রিফর্ম মোল্ড বহু পুরাতন হওয়ায় বর্তমানে ইনজেকশন মেশিনের সম্পূর্ণ ক্যাপাসিটি ১৬ ক্যাভিটি এর স্থলে ৮ টি ব্যবহার উপযোগী প্রিফর্ম পাওয়া যায় এবং অবশিষ্ট ৮ টি ব্যবহার অনুপযোগী প্রিফর্ম। বর্তমান বাজারে ২৫০মি.লি সাইজের বোতল পানির চাহিদা অনেক বৃদ্ধি পেয়েছে। ইনজেকশন মেশিন হতে প্রিফর্ম উৎপাদন কমে যাওয়ায় চাহিদা অনুযায়ী উৎপাদন করা সম্ভব হচ্ছে না। কাজেই মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ করে ২৫০মি.লি বোতলজাত পানি উৎপাদন চাহিদা অনুযায়ী উৎপাদন করা প্রয়োজন। বর্ণিত মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ সম্পাদনের নিমিত্তে বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হলো। প্রাক্কলনটিতে টাকার পরিমাণ= ২৪,৯০০.০০ (চব্বিশ হাজার নয়শত দশমিক শূন্য) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Batol Plant Maintenance (01-04-012) খাতের SL. No-27 হতে নির্বাহ করা যেতে পারে।

২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে অতি জরুরি বিবেচনায় বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ২৫০মি.লি সাইজের প্রি-ফর্ম মোল্ড মেরামত কাজে উপস্থাপিত মোট ২৪,৯০০.০০ (চব্বিশ হাজার নয়শত দশমিক শূন্য) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের সদয় অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হলো, যা অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AK

29.01.2025

মোঃ ফয়সাল খান
সহকারী প্রকৌশলী (চরদাঃ)
বোপাউপ্তা, ঢাকা ওয়াসা।

PM

মোঃ আজিমুজ্জামান
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্তা, ঢাকা ওয়াসা।

৩২২/২৪/১৫
৩১/০১/২৫
মোঃ হুমায়ুন কবীর
উপ-সহকারী প্রকৌশলী
বোপাউপ্তা, ঢাকা ওয়াসা।

06/ Approved as proposed
31/01
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াসা